


গ্রন্থাগার পরিসেবা ভিডিও সহায়তা প্রকাশনা ও বিতরণ



তথ্য কেন্দ্রের কর্মতৎপরতার প্রধান অবলম্বন হচ্ছে মনোরম পরিবেশে একটি সুবিন্যস্ত গ্রন্থাগার। জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত এই গ্রন্থাগারে রয়েছে সাধারণ পরিষদ ও নিরাপত্তা পরিষদসহ জাতিসংঘের প্রধান অঙ্গ সংস্থা ও এজেন্সিগুলোর কার্যবিবরণী, সিদ্ধান্ত, রিপোর্ট ও দলিলাদি, প্রধান প্রধান জাতিসংঘ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ, জাতিসংঘ চুক্তি সিরিজ, মানব উন্নয়ন, আন্তর্জাতিক আইন কমিশন ও বিশ্ব অর্থনৈতিক ও সামাজিক সমীক্ষার মতো প্রধান জাতিসংঘ রিপোর্টসমূহ, বর্ষবিবরণী ও বর্ষপঞ্জিগুলো এবং শান্তিরক্ষা তৎপরতা, নারীর ক্ষমতায়ন, মানবাধিকার, শিল্প, কৃষি, বাণিজ্য, পরিসংখ্যান ইত্যাদি বিভিন্ন বিষয়ে প্রকাশনাসমূহ। জাতিসংঘ সচিবালয়ের প্রধান বিভাগগুলোতে প্রস্তুত ও সদর দফতরের নিকট থেকে প্রতি সপ্তাহে প্রেরিত তথ্যায়নের দ্বারা গ্রন্থাগারের সংগ্রহ ক্রমাগত আধুনিকীকরণ হয়ে থাকে। উক্ত সংগ্রহের সঙ্গে যোগ হয় তথ্য কেন্দ্রের নিজস্ব প্রকাশনা এবং সর্বোপরি গ্রন্থাগার নেটওয়ার্কিংসহ ওয়েবসাইট ব্যবহার ও ইন্টারনেটে ব্রাউজিংএর সুবিধা। ফলে তথ্য কেন্দ্রের গ্রন্থাগারটির উপযোগিতা উত্তরোত্তর বৃদ্ধি পায়।

উপযোগিতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ২০০৩ সালে গ্রন্থাগার ব্যবহারকারীদের সংখ্যাও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি ঘটে। যদিও কেবল তথ্য সংগ্রহ ও পরামর্শের জন্য গ্রন্থাগারটি ব্যবহৃত হয়ে থাকে, তথাপি সারা বছরটিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্রছাত্রী, এনজিও কর্মী, সাংবাদিক ও সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহের বহু উৎসাহী ব্যক্তির আনাগোনা অব্যাহত থাকে। কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিক সাগ্রহে তাঁদেরকে বিভিন্ন পরিসেবা প্রদান করেন।

গ্রন্থাগারের আরেকটি বড় আকর্ষণ হলো ভিডিও সহায়তা। তথ্য কেন্দ্রের আবেদনের প্রেক্ষিতে ভিডিও ফিল্মগুলো বিভিন্ন সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠানকে ধার দেওয়া হয়। যে কোনো ছাত্র গ্রুপ বা সংস্থা কমপক্ষে এক সপ্তাহ পূর্বে আবেদন জানালে তথ্য কেন্দ্রের সভাকক্ষে ভিডিও শোএরও ব্যবস্থা করা হয়। ভিএইচএস আকারে তথ্য কেন্দ্রের ভিডিও সংগ্রহ প্রধানত পরিবেশ, নারী, জনসংখ্যা, সামাজিক উন্নয়ন, শান্তিরক্ষা কার্যক্রম ও জাতিসংঘের ইতিহাস সম্পর্কিত। এছাড়া, এ বছরে গ্রন্থাগারের আলোকচিত্র ইউনিট এ সংরক্ষিত স্থানীয় ও জাতিসংঘ সদর দফতর থেকে সংগৃহীত আলোকচিত্রসমূহ বিভিন্ন স্থানে প্রদর্শিত হয়।

এ বছর ঢাকাস্থ তথ্য কেন্দ্রের প্রকাশনা অর্থাভাবে সীমিত রাখা হলেও নগণ্য ছিল না। চাহিদা ও বহুল প্রচারের প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রেখে ‘মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র’টির বাংলা অনুবাদ পুনঃমুদ্রণ করা হয়। ‘মাদকবিরোধী সংগঠন লাইফ ও জাতিসংঘ যুব ও ছাত্র সমিতির সহযোগিতায়’ শীর্ষক একটি ব্রসিয়ার প্রকাশ তথ্য কেন্দ্রের আরেকটি উল্লেখযোগ্য উদ্যোগ, তবে প্রকাশনার ব্যাপারে সারা বছরই তথ্য কেন্দ্রের তৎপরতা অব্যাহত থাকে। প্রতি মাসে বাংলায় একটি বুলেটিন বা নিউজলেটার প্রকাশ ও সেগুলোর সুষ্ঠু বিতরণের কাজটিকে ছোট করে দেখার উপায় নেই। বরাবরের মতোই জাতিসংঘ সম্পর্কিত বাণী, তথ্য ও সর্বোপরি মূল্যবান বিশ্লেষণধর্মী প্রবন্ধ সন্নিবিষ্ট থাকায় বর্ণাঢ্য ও সচিত্র বুলেটিনগুলো পাঠকসমাজ ও গবেষকদের সমাদর লাভ করে। বিতরণের দায়িত্ব তথ্য কেন্দ্রের রেফারেন্স গ্রন্থাগারিককে বহন করতে হয়। প্রধানত তিন পদ্ধতিতে বিতরণ হয়ে থাকে যথা: তালিকাভুক্ত গ্রাহকদের নিকট ডাকযোগে তথ্যসামগ্রী প্রেরণ এবং ই-মেইলের মাধ্যমে তথ্য প্রেরণ, সংস্থা বা ব্যক্তিবিশেষের অনুরোধ সরাসরি প্রয়োজনীয় তথ্য সরবরাহ ও বিভিন্ন অনুষ্ঠানে ব্যক্তিবর্গের মধ্যে প্রাসঙ্গিক তথ্যসামগ্রী বণ্টন।

